কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় নসিমন চালক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ইজিবাইক ও নসিমনের মুখোমুখি সংঘর্ষে জুয়েল
(৩৫) নামে এক শ্যালো ইঞ্জিন চালিত নসিমন চালক নিহত হয়েছে।

গত শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেল সাড়ে চারটার সময় কুষ্টিয়া- চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের বালুচর মোড় নামক স্থানে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

নিহত করিমন চালক জুয়েল চুয়াডাঙ্গা জেলার আলমডাংগা উপজেলার দুর্লভপুর এলাকার বাবলুর ছেলে বলে জানা গেছে।

স্থানীয় সুত্রে জানা যায়-কুষ্টিয়া থেকে ফিড বিক্রি করে খালি নসিমন নিয়ে বাড়ির উদ্দেশ্যে ফিরছিলো নসিমন চালক জুয়েল। এ সময় আলমডাঙ্গা থেকে কুষ্টিয়াগামী যাত্রীবাহী ইজিবাইক বালুচর মোড় এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা নসিমনের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে নসিমন চালক জুয়েল গুরুতর আহত হলে তাকে চিকিৎসার উদ্দেশ্যে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে আসলে ভর্তি।করলে চিকিৎসাদীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।